

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**বিভাগীয় কার্যালয়**  
**সমাজসেবা অধিদফতর**  
**ময়মনসিংহ**

**বিষয়ঃ জাতীয় শুকাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের নেতৃত্বে কমিটি'র সভার কার্যবিবরণ।**

সভাপতি	: তাপস ফলিয়া
	অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ
তারিখ	: ১৪ নভেম্বর ২০২২
সময়	: সকাল- ১০.০০ ঘটিকা
স্থান	: সভাকক্ষ, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব জানান ২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুকাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় ৭টি কার্যক্রমের বিপরীতে ৭টি কর্মসম্পাদন সূচক রয়েছে। তিনি প্রতিটি সূচকের অগ্রগতি সভার উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনাতে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.১ নেতৃত্বে কমিটির সভা আয়োজন	চলতি অর্থ বছরের ১ম কোয়ার্টারের সভা যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।	নেতৃত্বে কমিটির পরবর্তী সভা যথাসময়ে আহ্বান করতে হবে।	এপিএ শাখা/ সদস্য সচিব
১.২ নেতৃত্বে কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভা।	সভার সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	এপিএ শাখা/ সদস্য সচিব
১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন	২য় ও ৩য় কোয়ার্টারের দু'টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।	ক) নভেম্বর ২০২২ তারিখে ২য় কোয়ার্টার এবং মার্চ ২০২৩ তারিখে ৩য় কোয়ার্টারের সভা সম্পন্ন করতে হবে। খ) আলোচ্য বিষয় নির্ধারণ করতে দুটি নথি পেশ করতে হবে।	এপিএ শাখা/ সদস্য সচিব
১.৪ শুকাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুকাচার সম্পর্কিত বিষয়ে ২য় কোয়ার্টারে ২৫ জন এবং ৩য় কোয়ার্টারে ২৫ জনসহ সর্বমোট ৫০ জনকে দুই ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হবে।	প্রশিক্ষণ খাতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা নির্ধারিত সময়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	এপিএ শাখা
১.৫ কর্মপরিবেশ উন্নয়ন	অফিসের সার্বিক কর্মপরিবেশ উন্নয়নের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ, অভ্যন্তরীণ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণ এবং মহিলাদের জন্য পৃথক ওয়াশ রুমের বিষয়ে আলোচনা হয়।	ক) সকলকে স্বাস্থ্য বিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এ সংক্রান্ত স্টিকার দৃশ্যমান স্থানে লাগানোর সিদ্ধান্ত হয়। খ) অফিসের অভ্যন্তরীণ পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। সপ্তাহে প্রতি রবিবার নিজ কক্ষ নিজেই পরিষ্কার করতে হবে। গ) মহিলা সহকর্মী এবং সেবাপ্রার্থীদের জন্য পৃথক ওয়াশ রুম সংরক্ষণ করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী

<p><b>১.৬</b> জাতীয় শুক্রাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন অধিদফতরে দাখিল ও স্ব-স্ব ওয়েবসাইটে আপলোডকরণ।</p>	<p>জাতীয় শুক্রাচার নির্দেশিকা মোতাবেক বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০২২-২৩ প্রস্তুত পূর্বক মহাপরিচালক মহোদয়ের অনুমোদন নিমিত্ত সমাজসেবা অধিদফতরে প্রেরণ করা হয়েছে। কপি পাওয়ার সংগে সংগে ওয়েবসাইটে আপলোড করা হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে অধিদফতরে প্রেরণ এবং একই সংগে ওয়েব সাইটে আপলোড করতে হবে।</p>	<p>কোন সংশোধনী থাকলে নির্ধারিত সময়ে তা করতে হবে।</p>	
<p><b>১.৭</b> মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও শুক্রাচার প্রতিষ্ঠা।</p>	<p>মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও শুক্রাচার প্রতিষ্ঠা সম্পর্কে আলোচনা করা হয়।</p>	<p>বিভাগের আওতাধীন কার্যালয়সমূহে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের বাস্তবায়ন এবং শুক্রাচার প্রতিষ্ঠার ফেত্রে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট শাখা  সংশ্লিষ্ট সকল ইউনিট</p>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তাপস হালিয়া  
অতিরিক্ত পরিচালক

ও

সভাপতি

জাতীয় শুক্রাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি  
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ